

তারিখ . ২.১. FFB. ২০১৬ ...
পৃষ্ঠা ৬ ... কলাম ৫ ...

উচ্চশিক্ষায় বাংলার ব্যবহার বাড়াতে হবে

— ড. আনিসুজ্জামান

ইমেরিটাস অধ্যাপক ড. আনিসুজ্জামান বলেছেন, আমাদের নিজেদের জীবনের সব ক্ষেত্রে বাংলা ভাষার ব্যবহার বাড়াতে হবে। এ ক্ষেত্রে উচ্চশিক্ষা প্রতিষ্ঠানগুলোর ভূমিকা হবে অঞ্চলগ্রাম। গতকাল শনিবার ধনমণ্ডিত ইস্টার্ন ইউনিভার্সিটি (ইইউ) আয়োজিত আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের আলোচনা অনুষ্ঠানে প্রধান অর্তিথির বক্তব্যে তিনি এ কথা বলেন।

বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. আবদুল হাসান চৌধুরীর সভাপতিহে অনুষ্ঠানে বিশেষ অর্তিথির বক্তব্য রাখেন ইইউর বোর্ড অব ট্রান্সিজের চেয়ারম্যান আবুল খায়ের চৌধুরী, সাবেক চেয়ারম্যান এসএফ বখতিয়ার আলম, কলা অনুষ্ঠানের ডিন অধ্যাপক কাশিনথ রায়।

অধ্যাপক আনিসুজ্জামান বাংলাকে সর্বস্তরে প্রতিষ্ঠিত করার আহ্বান জানিয়ে বলেন, অন্য কোনো দেশের ভাষায় বাংলার মতো এত বিকৃতি আর দেখি না। একশেণীর ভারতীয় টিভি মাধ্যম আমাদের দেশে অমঙ্গলজনক প্রভাব বিস্তার করে চলেছে। এতে অন্তর্বর্ষী ছেলেমেয়েরা ইন্দি শিখছে এবং বাংলার বদলে তা ব্যবহার করছে। এটি খুবই উৎসেগের বিষয়। সংবাদ বিজ্ঞপ্তি।